গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৫৮/২০১৭-১৮

ঢাকা, মঙ্গলবার ১৩ ফেব্রুয়ারি ২০১৮, ১ ফাল্গুন ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতির সঙ্গে স্পিকার ও প্রধান বিচারপতির সাক্ষাৎ

২। ভ্যাটিকানে পোপের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক : বাংলাদেশের ধর্মীয় সম্প্রীতির প্রশংসা করলেন পোপ

৩। সংসদে কবি নজরুল ইনস্টিটিউট বিল পাস

৪। সরকারের দুই মেয়াদে ৮টি সরকারি, ৪২টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন : সংসদে শিক্ষামন্ত্রী

৫। রোহিঙ্গা ইস্যুতে ক্ষতিগ্রস্ত স্থানীয়দের পাশে থাকবে সরকার : উখিয়ায় সেতুমন্ত্রী

৬। রোহিঙ্গা প্রত্যাবাসনে সম্পৃক্ত থাকবে ইউএনএইচসিআর
রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী

৭। পাকিস্তানের মানবাধিকার কর্মী আসমা জাহাঙ্গীরের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

৮। চলতি অর্থবছরে এডিপি বাস্তবায়ন বেড়েছে

৯। পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে মোবাইল ফোন ব্যবহারে নিষেধাজ্ঞা

১০। ৩৬তম বিসিএসে উত্তীর্ণ ক্যাডার না পাওয়া সব আবেদনকারী নন-ক্যাডার পদে চাকরি পাচ্ছেন

১১। বিশ্ব বেতার দিবস আজ

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির সঙ্গে স্পিকার ও প্রধান বিচারপতির সাক্ষাৎ**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরী রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। গতকাল (১২ ফেব্রুয়ারি সোমবার) বঙ্গভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। দ্বিতীয়বারের মতো রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় স্পিকার রাষ্ট্রপতিকে অভিনন্দন জানান। বৈঠকে বিভিন্ন উন্নয়ন কার্যক্রমসহ সংসদের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে স্পিকার রাষ্ট্রপতিকে অবহিত করেন। গতকাল (১২ ফেব্রুয়ারি সোমবার) রাষ্ট্রপতির সঙ্গে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনও সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে প্রধান বিচারপতি রাষ্ট্রপতিকে সুপ্রিম কোর্টের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৭)।

২। **ভ্যাটিকানে পোপের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক : বাংলাদেশের ধর্মীয় সম্প্রীতির প্রশংসা করলেন পোপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১২ ফেব্রুয়ারি সোমবার) বিশ্বের ক্যাথলিক খ্রিস্টানদের ধর্মগুরু পোপ ফ্রান্সিসের সঙ্গে হলি সি-তে (ভ্যাটিকান সিটি) বৈঠক করেছেন। প্রধানমন্ত্রী ভ্যাটিকান সিটিতে পৌঁছার পর সেখানে তাঁকে গার্ড অভ্ অনার প্রদান করা হয়। পরে প্রধানমন্ত্রী ভ্যাটিকান সিটিতে পোপের সঙ্গে তাঁর কার্যালয়ে বৈঠক করেন। বৈঠকে বাংলাদেশের ধর্মীয় সম্প্রীতির প্রশংসা করেছেন পোপ ফ্রান্সিস। একইসঙ্গে রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রশংসাও করেছেন তিনি। এ সময় প্রধানমন্ত্রী পোপকে বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের ওপর একটি পেইন্টিং উপহার দেন। পোপও পরে প্রধানমন্ত্রীকে একটি ক্রেস্ট উপহার দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ইত্তেফাক, জনকণ্ঠ, সমকাল, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, ডেইলি সান**সহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **সংসদে কবি নজরুল ইনস্টিটিউট বিল পাস**

১৯৮৪ সালে প্রণীত নজরুল ইনস্টিটিউট অর্ডিন্যান্স বাতিল করে নতুনভাবে প্রণীত 'কবি নজরুল ইনস্টিটিউট বিল-২০১৮' জাতীয় সংসদে পাশ হয়েছে। গতকাল (১২ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে বিলটি পাশের প্রস্তাব করেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। তারপর বিলটি কণ্ঠভোটে পাশ হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৭)।

৪। **সরকারের দুই মেয়াদে ৮টি সরকারি, ৪২টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন : সংসদে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বর্তমান সরকারের বিগত মেয়াদের ২০০৯ সাল থেকে এ পর্যন্ত দেশে ৮টি পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়েছে এবং বেসরকারি পর্যায়ে ৪২টি বিশ্ববিদ্যালয় স্থাপন ও পরিচালনার অনুমতি প্রদান করা হয়েছে। গতকাল (১২ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

৫। **রোহিঙ্গা ইস্যুতে ক্ষতিগ্রস্ত স্থানীয়দের পাশে থাকবে সরকার : উখিয়ায় সেতুমন্ত্রী**

বিশাল রোহিঙ্গা জনগোষ্ঠীকে আশ্রয় দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যেমন বিশ্বের দরবারে প্রশংসিত হয়েছেন, একইভাবে রোহিঙ্গাদের কারণে ক্ষতিগ্রস্ত স্থানীয়রা মানবিকতার হাত বাড়িয়ে একটি দৃষ্টান্ত স্থাপন করেছেন। রোহিঙ্গাদের কারণে যেসব স্থানীয় জনসাধারণ ক্ষতিগ্রস্ত হয়েছেন বা হচ্ছেন সরকার তাদের সব ধরনের সহায়তা প্রদান করতে বদ্ধপরিকর। গতকাল (১২ ফেব্রুয়ারি সোমবার) উখিয়ার কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প ঘুরে ও ক্যাম্প অভ্যন্তরে নির্মাণাধীন সড়ক পরিদর্শনশেষে কক্সবাজার যাওয়ার পথে এক পথসভায় সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.২)।

৬। **রোহিঙ্গা প্রত্যাবাসনে সম্পৃক্ত থাকবে ইউএনএইচসিআর :রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম জানিয়েছেন, মিয়ানমারে নিরাপদ পরিবেশ সম্পর্কে নিশ্চিত হতে রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া একটু বিলম্বিত হচ্ছে। তবে এক্ষেত্রে জাতিসংঘ শরণার্থীবিষয়ক সংস্থা

ইউএনএইচসিআরকে সম্পৃক্ত করে চুক্তি হয়েছে। সংস্থাটিকে সঙ্গে নিয়ে রোহিঙ্গাদের মৌলিক অধিকার নিশ্চিত করে নিরাপদে স্বদেশে ফেরত পাঠাতে চায় বাংলাদেশ। প্রত্যাবাসন প্রক্রিয়ায় তাড়াহুড়া করলে এ পরিস্থিতি ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে। গতকাল (১২ ফেব্রুয়ারি সোমবার) ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) একটি প্রতিনিধিদলকে সঙ্গে নিয়ে কক্সবাজারের উখিয়ায় মধুরছড়া রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

৭। পাকিস্তানের মানবাধিকার কর্মী আসমা জাহাঙ্গীরের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পাকিস্তানের বিশিষ্ট মানবাধিকার আইনজীবী ও সমাজকর্মী আসমা জাহাঙ্গীরের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী গতকাল (১২ ফেব্রুয়ারি সোমবার) এক শোকবার্তায় পাকিস্তানসহ গোটা বিশ্বে নারী ও সংখ্যালঘুদের অধিকার সুরক্ষায় আসমা জাহাঙ্গীর এর ভূমিকার কথা স্মরণ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আসমা জাহাঙ্গীরের রুহের মাগফিরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৮। চলতি অর্থবছরে এডিপি বাস্তবায়ন বেড়েছে

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) গত চার বছরের মধ্যে এবার সর্বোচ্চ বাস্তবায়ন হয়েছে। পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়েছে, চলতি অর্থবছরের জুলাই থেকে জানুয়ারি পর্যন্ত ৭ মাসে এডিপি বাস্তবায়নের হার দাঁড়িয়েছে ৩৩ দশমিক ৩৫ শতাংশ । গত অর্থবছরের একই সময়ে এ হার ছিল ৩২ দশমিক ৪১ শতাংশ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

৯। পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে মোবাইল ফোন ব্যবহারে নিষেধাজ্ঞা

প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে এসএসসি ও সমমানের পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে মোবাইল ফোন ব্যবহারে নিষেধাজ্ঞা আরোপ করেছে শিক্ষা প্রশাসন। কেন্দ্রের ২০০ মিটার বা পরীক্ষা কেন্দ্রের মধ্যে মোবাইল ফোনসহ কাউকে পাওয়া গেলে তাকে তৎক্ষণাৎ গ্রেফতার করে আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশনাও দেওয়া হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক, সব বিভাগীয় কমিশনার, সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, সব জেলা প্রশাসককে এ নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (শেষপৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৩)।

১০। ৩৬তম বিসিএসে উত্তীর্ণ ক্যাডার না পাওয়া সব আবেদনকারী নন-ক্যাডার পদে চাকরি পাচ্ছেন

৩৬তম বিসিএস নন-ক্যাডার পদে আবেদনকারী প্রায় সব পরীক্ষার্থী এবার চাকরি পাচ্ছেন। নন-ক্যাডার পদে উত্তীর্ণ তিন হাজার ৩০৮ জনের মধ্যে ২৭শ' পরীক্ষার্থী আবেদন করেছেন। এ ২৭শ' প্রার্থীকে প্রথম ও দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার পদে নিয়োগের জন্য সুপারিশ করবে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। আগামী মার্চ মাসের শেষদিকে প্রথমদফা প্রথম শ্রেণির পদে এ সুপারিশ করা হতে পারে। সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা গেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

১১। বিশ্ব বেতার দিবস আজ

বিশ্ব বেতার দিবস আজ। জাতিসংঘের অঙ্গ সংস্থা ইউনেস্কোর পৃষ্ঠপোষকতায় বিশ্বব্যাপী দিবসটি পালিত হয়। এবার 'ক্রীড়াঙ্গনে বেতার' প্রতিপাদ্য নিয়ে বাংলাদেশেও নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালিত হবে। বেতার দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** কোনো মাদক ব্যবসায়ীকে ছাড় দেওয়া হবে না স্বরাষ্ট্রমন্ত্রীর এ হুঁশিয়ারি যথাযথভাবে বাস্তবায়ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সংবাদ :** গাজীপুরের শ্রীপুর উপজেলার তেলিহাটী উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির এক ছাত্রীকে মিথ্যা অভিযোগে প্রকাশ্য স্থানে ৪ ঘণ্টা দাঁড় করিয়ে রাখার পর বেত্রাঘাত করার অভিযোগ পাওয়া গেছে ওই স্কুলের সহকারী প্রধান ও প্রধান শিক্ষকের বিরুদ্ধে উল্লেখ করে বর্বর এ শিক্ষকদের কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

গ. **যায়যায়দিন :** চলন্ত বাসে নির্যাতনের পর হত্যা করা রূপা হত্যায় অভিযুক্তদের চারজনের ফাঁসি ও একজনের সাত বছরের কারাদণ্ড দেওয়ায় সন্তুষ্টি প্রকাশ করে রায় দ্রুত কার্যকর করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সমকাল :** চট্টগ্রামে বিষাক্ত মেডিকেল বর্জ্যে স্বাস্থ্যঝুঁকি বাড়ার খবরে উদ্বেগ প্রকাশ করে এসব বর্জ্য অপসারণ ও স্বাস্থ্যসম্মতভাবে ধ্বংস করার জন্য আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যুগান্তর :** বাংলাদেশ বিমান হযাত্রীর বিমান ভাড়া বাড়ানোর প্রস্তাব করেছে উল্লেখ করে ভাড়া না বাড়িয়ে বিমানকে সম্পূর্ণভাবে দুর্নীতিমুক্ত করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, যায়যায়দিন, ভোরের কাগজ :** বাংলাদেশ মাংস ও মাছ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের সাফল্যের পরিপ্রেক্ষিতে দুধ ও ফল উৎপাদনের সাফল্য অর্জনের দ্বারা জনগণের সুস্বাস্থ্য ও দীর্ঘজীবনের পথ সুগম করার প্রত্যাশা।

ছ. **নিউজ টুডে :** আনসার ও ভিডিপির সদস্যরা গ্রাম পর্যায়ে থাকায় আইনশৃঙ্খলা রক্ষায় অবদান রাখার পাশাপাশি জঙ্গিবাদ, সন্ত্রাস ও মাদক প্রতিরোধে জনসচেতনতা তৈরিতে ব্যাপক অবদান রাখতে পারে বলে অভিমত।

জ. **নিউ এজ :** শিল্পকারখানা ও গৃহস্থালীর বর্জ্যে টঙ্গীর তুরাগ নদী ও নদীর শাখানদীগুলো দূষিত হয়ে পড়ায় নদী সুরক্ষায় কঠোর আইনি পদক্ষেপের সুপারিশ ।

ঝ. **নিউ নেশন :** ঢাকা-নারায়ণগঞ্জ রেল রুটে ১ দশমিক ৪ লাখ যাত্রীর প্রতিদিনের রেল যাতায়াতের দুর্ভোগ লাঘবে কর্তৃপক্ষকে নজর দেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

মানবকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে সাধারণ জনগণের সুবিধার্থে অতি প্রয়োজনীয় ও নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম সহনীয় ও স্থিতিশীল রাখতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রাকাশিত **'বেদখল প্রাথমিক বিদ্যালয় দেখার কেউ নেই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশুদের পাঠদানের উপযোগী পরিবেশ সৃষ্টি জাতি গঠনের জন্য অতীব জরুরি, এটা মাথায় রেখে বিদ্যালয়গুলোর বেদখল হওয়া সম্পত্তি যেমন দখলমুক্ত করতে হবে, তেমন অবৈধভাবে দখলকৃত সরকারি অন্যান্য সম্পত্তি মুক্ত করার ক্ষেত্রেও কঠোর পদক্ষেপ নিতে হবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাইদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা